

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৫৩

৩. যাকাত অধ্যায় (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২. যে সকল মিসকীনকে সাদাকা দেয়া যায়

بَابِ مَنْ الْمِسْكِينُ الَّذِي يُتَصَدَّقُ عَلَيْهِ

আরবী

أَخْبَرَنَا هَاشِمُ بْنُ الْقَاسِمِ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ مُحَمَّدِ بْنِ زِيَادٍ قَالَ سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ يُحَدِّثُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ لَيْسَ الْمِسْكِينُ الَّذِي تَرُدُّهُ اللَّقْمَةُ وَاللَّقْمَتَانِ وَالْكِسْرَةُ وَالتَّمْرَةُ وَالتَّمْرَتَانِ وَلَكِنْ الْمِسْكِينُ الَّذِي لَيْسَ لَهُ غِنِيهِ وَالْكِسْرَةُ وَالتَّمْرَةُ وَالتَّمْرَتَانِ وَلَكِنْ الْمِسْكِينُ الَّذِي لَيْسَ لَهُ غِنِيهِ وَالنَّمْرَةُ وَالتَّمْرَةُ لَا يَسْأَلُ النَّاسَ إِلْحَافًا

বাংলা

১৬৫৩. আবৃ হ্রায়রা রাদ্বিয়াল্লাহ্ আনহু থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ 'আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "এক দু' লোকমা খাদ্য, দু'-এক টুকরো রুটি ও দু' একটা খেজুরের জন্য যাকে (দ্বারে দ্বারে) ঘুরতে হয়, সে মিসকীন নয় বরং (প্রকৃত) মিসকীন হল সেই ব্যক্তি যার (মৌলিক) প্রয়োজন পূরণের মতো স্বচ্ছলতা/সম্পদ নেই। আবার মানুষের কাছে অনুনয় বিনয় করে চাইতেও সে লজ্জা বোধ করে, অথবা, মানুষের কাছে অনুনয় বিনয় করে কিছু চায় না।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী, যাকাত ১৪৭৬; মুসলিম , যাকাত, ১০৩৯;

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ১৫৬, ২৪১৯ নং এ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=81935}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন